

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/২১৫

২০ সেপ্টেম্বর, ২০২২

“সকল সম্মানিত সদস্যের জন্য”


বিষয়ঃ করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধে বিভিন্ন দপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা এবং নীতিমালা অনুসরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, সম্প্রতি দেশে আবার কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে সংক্রমণের হার ক্রমাগত ভাবে বৃদ্ধি পাচ্ছে। এজন্য আমাদের সকলের সতর্কতা অবলম্বন করা জরুরী হয়ে পড়েছে, অন্যথায় করোনা সংক্রমণ বেড়ে গেলে আবারও অর্থনীতিতে প্রভাব পড়বে। সুতরাং সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, আইএলও এবং বিজিএমইএ কর্তৃক প্রদত্ত বিভিন্ন নির্দেশনা ও নীতিমালা যা ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে তা যথাযথভাবে মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

উল্লেখ্য যে, বাংলাদেশ সরকার আবারও কোভিড-১৯ টিকা প্রদানের জন্য একটি ক্যাম্পেইন করতে যাচ্ছে এবং এর মাধ্যমে ১ম-২য় এবং বুস্টার ডোজ প্রদান করা হবে। যারা এখনো টিকার কোন ডোজ গ্রহণ করেন নাই উক্ত ক্যাম্পেইন চলাকালীন সময়ে নিকটস্থ টিকা কেন্দ্র থেকে কোভিড-১৯ টিকা গ্রহণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

আশা করি, সকলের আন্তরিক সহযোগিতায় আমরা আবারও পূর্বের ন্যায় করোনা ভাইরাস মোকাবেলা করতে সক্ষম হবো।


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

অনুলিপি :

- ১। পিএস টু প্রেসিডেন্ট, বিজিএমইএ।
- ২। পিএস টু অফিস বেয়ারার, বিজিএমইএ।